**2025**

# BENGALI

## ( Major )

Paper : BEN0500304

( আধুনিক বাংলা সাহিত্যপাঠ )

*Full Marks* : 60

*Time* : 2½ hours

*The figures in the margin indicate full marks for the questions.*

১। নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষেপে উত্তর দাও : ১×৮=৮

(ক) ‘কমলাকান্তের দপ্তর’ গ্রন্থখানি বঙ্কিমচন্দ্র কাকে উৎসর্গ করেছিলেন?

(খ) ‘মনুষ্যফল’ প্রবন্ধে বঙ্কিমচন্দ্র অধ্যাপক ব্রাহ্মণদের কোন্ ফলের সঙ্গে তুলনা করেছেন?

(গ) কবি কাজী নজরুল ইসলামের ‘বিদ্রোহী’ কবিতাটি প্রথম কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল?

(ঘ) ‘ফরিয়াদ’ কবিতায় উল্লিখিত আদিপিতা ভগবানের কাছে কারা প্রতিকার চাইছে?

(ঙ) 'আপদ' গল্পে বর্ণিত শরৎবাবুর স্ত্রীর নাম কী?

(চ) 'অতিথি' গল্পের মতিলালবাবু কোথাকার জমিদার ছিলেন?

(ছ) 'ছেঁড়াতার' নাটকে চিত্রিত মহিমবাবুর মেয়ের নাম কী?

(জ) রহিমুদ্দি তার বাজাটা (বাদ্যযন্ত্র) কত টাকা দিয়ে কিনেছিল?

২। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর সংক্ষেপে লেখো (যে কোনো ছয়টি) :

২×৬=১২

(ক) 'কাঁটালের মাছি' বলতে কমলাকান্ত কাদের প্রতি ইঙ্গিত করেছেন?

(খ) 'দুটি পঞ্চম মিষ্ট বটে' কমলাকান্ত কথিত এই দুটি পঞ্চম কী কী, উল্লেখ করো।

(গ) দুই ভগিনী ঢেঁকিতে পাড় দিতেছে। 'ঢেঁকি' প্রবন্ধে উল্লিখিত ভগিনীদ্বয়ের নাম লেখো।

(ঘ) 'বিদ্রোহী' কবিতায় বর্ণিত সংগীতের দুটি রাগ কী কী?

(ঙ) 'ফরিয়াদ' কবিতায় দুটি মরুভূমির উল্লেখ আছে, তাদের নাম কী?

(চ) 'নিশীথে' গল্পের দক্ষিণাচরণবাবু কতকাল যাবৎ অসুস্থ? তিনি রাত ক'টা নাগাদ ডাক্তারের কাছে এসেছিলেন?

(ছ) নিরুপমার পিতার নাম কী? তিনি কত টাকা বরপণ দিতে সম্মত হয়েছিলেন?

(জ) "আমাকে ভয় করিয়োনা। আমি ভদ্রলোক"—উক্তিটির বক্তা কে? কাকে উদ্দেশ্য করে এই মন্তব্য করেছেন?

(ঝ) রহিমের শহুরে বন্ধুটির নাম কী? সে রহিমকে কত টাকা দিয়েছিল?

(ঞ) আকালের দিনে হাকিমুদ্দির মা ফুলজানকে কী বলেছিল?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো চারটি) : ৫×৪=২০

(ক) 'মনুষ্যফল' রচনাটি অনুসরণে বঙ্কিমচন্দ্র 'নারকেল ফল'-এর সঙ্গে কাদের তুলনা করেছেন এবং কেন? আলোচনা করো।

(খ) বসন্তের কোকিলের সঙ্গে কমলাকান্তের সখ্যতার কারণ কী তা ব্যাখ্যা করো।

(গ) 'আজ সৃষ্টিসুখের উল্লাসে' কবিতাটির সারসংক্ষেপ লেখো।

(ঘ) "তুমি বল নাই, শুধু শ্বেতদ্বীপে জোগাইবে আলো"—উক্তিটির প্রাসঙ্গিক তাৎপর্য ব্যাখ্যা করো।

(ঙ) 'দেনাপাওনা' গল্পের রামসুন্দর মিত্র চরিত্রটি চিত্রণ করো।

(চ) কলকাতায় মামার বাড়িতে এসে ফটিকের কীরূপ দুর্দশা হয়েছিল তা সংক্ষেপে বর্ণনা করো।

(ছ) 'ছেঁড়াতার' নাটকের মহিমবাবু চরিত্রটির গুরুত্ব আলোচনা করো।

(জ) রহিমুদ্দির সঙ্গে হাকিমুদ্দির যে বিবাদ বেঁধেছিল তা সংক্ষেপে তোমার নিজের ভাষায় লেখো।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর সংক্ষেপে লেখো (যে কোনো দুটি) :

১০×২=২০

(ক) 'ঢেঁকি' প্রবন্ধের বিষয়বস্তু আলোচনা করো।

(খ) 'আমার কৈফিয়ৎ' বা 'সব্যসাচী' কবিতার ভাববস্তু বিশ্লেষণ করো।

(গ) 'আপদ' গল্পের কিরণময়ী চরিত্রটি পর্যালোচনা করো।

(ঘ) 'ছেঁড়াতার' নাটকের নামকরণের সার্থকতা বিচার করো।

(ঙ) 'মনুষ্য ফল' প্রবন্ধের বিষয়বস্তু সংক্ষেপে লেখো।

★★★